দৈনিক জনকণ্ঠ

তারিখ 19 JUN 2016
পৃষ্ঠা ০৪ কলাম ৩

# শেবাচিম অধ্যক্ষকে চিকিৎসার জন্য ঢাকায় প্রেরণ

**স্টাফ রিপোর্টার, বরিশাল ॥** ক্ষমতাসীন দলের বিবদমান দু'গ্রুপের চাপের মুখে শেষ পর্যন্ত হৃদরোগে আক্রান্ত হয়েছেন শেরেবাংলা মেডিক্যাল কলেজ হাসপাতালের অধ্যক্ষ ডাঃ ভাস্কর সাহা। শুক্রবার বিকেলে তিনি হঠাৎ অসুস্থ হয়ে পড়ার পর ওইদিন সন্ধ্যায় তাকে শেরেবাংলা হাসপাতালের সিসিইউতে ভর্তি করা হয়। সেখান থেকে আশঙ্কাজনক অবস্থায় শনিবার সকালে এয়ার এ্যাম্বুলেন্সযোগে উন্নত চিকিৎসার জন্য তাকে ঢাকায় প্রেরণ করা হয়েছে।

নির্ভরযোগ্য একাধিক সূত্রে জানা গেছে, সম্প্রতি হাসপাতালের যুব রেডক্রিসেন্ট শেবাচিম ইউনিটের পাল্টাপাল্টি কমিটি নিয়ে ছাত্রলীগের বিবদমান দু'গ্রুপের মধ্যে বেশ কয়েকবার সংঘর্ষের ঘটনা ঘটে। প্রকাশ্যে অস্ত্র নিয়ে মহড়া পর্যন্ত হয়েছে। কলেজ হোস্টেলে উভয় গ্রুপের লোকজনের অস্ত্র মজুদ করেছে এমন খবরে গত ১৪ জুন রাতে কলেজের তিনটি হোস্টেলে অভিযান চালাতে যায় পুলিশ। কিন্তু অধ্যক্ষ ভাস্কর সাহা পুলিশকে অভিযান পরিচালনা করতে দেননি। সূত্রমতে, ভাস্কর সাহাকে বাধ্য করা হয়েছে অভিযান পরিচালনা যাতে না হয় সেই ব্যবস্থা করতে। অপরদিকে কমিটি গঠনকে কেন্দ্র করে কোতোয়ালি মডেল থানায় পাল্টাপাল্টি মামলাও দায়ের করা হয়েছে। সর্বশেষ অস্ত্রসহ গ্রেফতার হয়েছে মেডিক্যালের চতুর্থ বর্ষের দু'ছাত্র। সবকিছু মিলিয়ে মানসিক চাপের মুখে স্টক করেন ডাঃ ভাস্কর সাহা। শেরেবাংলা হাসপাতালের পরিচালক ডাঃ এসএম সিরাজুল ইসলাম বলেন, শনিবার সকাল সাতটার দিকে এয়ার এ্যাম্বুলেন্সযোগে উন্নত চিকিৎসার জন্য অধ্যক্ষ ভাস্কর সাহাকে ঢাকায় পাঠানো হয়েছে।